

## গ্রন্থাগারে পাঠকসেবা

### জাতিসংঘ পুস্তিকা ও তথ্যাদির বিতরণ

### স্থানীয় প্রকাশনা ও ভিডিও সহায়তা



২০০২ সালে আগের চেয়েও অধিক সংখ্যক পাঠক, আগ্রহী ব্যক্তি ও সংস্থার প্রতিনিধি তথ্য কেন্দ্রের গ্রন্থাগার ব্যবহার করতে আসেন। মাঝে মাঝে কয়েকজন নয়, বেশ অনেকে দলবদ্ধ হয়ে গ্রন্থাগার পরিদর্শন করেন- যেমন কমনওয়েলথ সাংবাদিক সমিতির একটি দল ও নায়েম-এ প্রশিক্ষণরত কলেজ প্রভাষকদের একটি ব্যাচ। তাঁদেরকে লাইব্রেরী সম্পদ, সুযোগ-সুবিধা ও বিভিন্ন প্রকার সেবা সম্পর্কে অবহিত করা হয়। তাঁদের অনেকেই জাতিসংঘ পুস্তকাদি, প্রকাশনা ও ওয়েবসাইটের প্রতি আগ্রহ প্রকাশ করেন। পাঠকসেবা আরো উন্নত করার লক্ষ্যে চলতি সচেতনতা সেবার আওতায় সম্প্রতিপ্রাপ্ত তথ্যসামগ্রী বাংলাদেশে জাতিসংঘ লাইব্রেরী নেটওয়ার্কিং-এ সংযোজিত করার ব্যবস্থা করা হয়।

এ বছরে লাইব্রেরী তথা তথ্য কেন্দ্রের কর্মতৎপরতার আরেকটি বৈশিষ্ট্য হলো বিপুল পরিমাণ জাতিসংঘ তথ্যপুস্তক বিতরণ। বিভিন্ন সরকারি মন্ত্রণালয় ও দফতর, বিভিন্ন ক্ষেত্রে নিয়োজিত এনজিও এবং সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়সহ বেশকিছু শিক্ষা প্রতিষ্ঠানকে তাদের ব্যবহারের জন্য জাতিসংঘ তথ্যসামগ্রী প্রদান করা হয়। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়কে বিশেষ চাহিদা অনুযায়ী জাতিসংঘ দলিলাদিও সরবরাহ করা হয়। বাংলাদেশ পুলিশ বাহিনী (যারা নিয়মিতভাবে বিভিন্ন শান্তি মিশনে অংশগ্রহণ করে) যাতে ব্যবহার করতে পারে

